

## ক্যান্টনমেন্ট বোর্ড নিম্নমাধ্যমিক বিদ্যালয়, যশোর সেনানিবাস এর সংক্ষিপ্ত ইতিহাস

সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা কর্তৃক পরিচালিত এবং যশোর ক্যান্টনমেন্ট বোর্ড নিয়ন্ত্রিত ক্যান্টনমেন্ট বোর্ড প্রাথমিক বিদ্যালয় ১৯৮৯ সালে প্রতিষ্ঠিত হয়। বিদ্যালয়ের ভিত্তি প্রস্তর স্থাপন করেন মেজর জেনারেল হারুন আহমেদ চৌধুরী বীর উত্তম, এরিয়া কমান্ডার, যশোর অঞ্চল এবং দ্বারোদঘাটন করেন কর্ণেল ছাদেক হুসাইন পিএসসি, স্টেশন কমান্ডার, যশোর সেনানিবাস।

১৯৯০ সালে বিদ্যালয়টি প্রাথমিক শিক্ষা অধিদপ্তর কর্তৃক রেজিস্ট্রার বেসরকারী প্রাথমিক বিদ্যালয় হিসেবে রেজিস্ট্রেশন প্রাপ্ত হয়। শিশু শ্রেণী হতে ৫ম শ্রেণী পর্যন্ত ছয়টি শ্রেণীতে তখন বিদ্যালয়ের মোট ছাত্রছাত্রীর সংখ্যা ছিল ২৭৮ জন এবং শিক্ষক সংখ্যা ছিল ০৭ জন। ২০০৪ সালে বিদ্যালয়ে একজন ধর্মীয় শিক্ষক নিয়োগ দেয়া হয়। ২০০৮ সালে প্রত্যেক শ্রেণীতে একটি করে মোট ০৬ টি শাখা খোলা হয় এবং ০৭ জন খন্ডকালীন শিক্ষক স্থানীয়ভাবে নিয়োগ করা হয়।

গত ২১ এপ্রিল ২০০৯ তারিখে ক্যান্টনমেন্ট বোর্ড প্রাথমিক বিদ্যালয়ের পরিচালনা পর্ষদের সভায় ৬ষ্ঠ, ৭ম এবং ৮ম শ্রেণী খোলার ব্যাপারে নীতিগতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। পরবর্তীতে গত ০৭ মে ২০০৯ তারিখে মাননীয় এরিয়া কমান্ডার, যশোর এরিয়ার সভাপতিত্বে যশোর সেনানিবাসস্থ সকল কলেজ ও স্কুল সমূহের পরিচালনা পরিষদের সভাপতি এবং অধ্যক্ষ/প্রধান শিক্ষক/শিক্ষক/শিক্ষিকাদের এক সমন্বয় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সর্বসম্মতিক্রমে ক্যান্টনমেন্ট বোর্ড প্রাথমিক বিদ্যালয়টিকে নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ে উন্নীতকরণের সিদ্ধান্ত গৃহীত হয় এবং সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর, প্রতিরক্ষা মন্ত্রণালয়কে এ বিষয়ে অনুরোধ জানিয়ে এরিয়া সদর দপ্তর থেকে পত্র প্রেরণ করা হয়। গত ৭ ডিসেম্বর ২০০৯ তারিখে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর অত্র বিদ্যালয়ে ২০১০ সালে ৬ষ্ঠ শ্রেণী খোলার এবং পরবর্তীতে পর্যায়ক্রমে ৭ম ও ৮ম শ্রেণী খোলার বিভাগীয় অনুমতি প্রদান করে। বর্তমানে ২০১১ সালে অত্র বিদ্যালয়ে শিশু শ্রেণী হতে ৭ম শ্রেণী কার্যক্রম চলছে। ২০১২ সালে ৮ম শ্রেণী খোলা হবে। বর্তমানে অত্র বিদ্যালয়ের ছাত্রছাত্রীর সংখ্যা ৬৩০ জন।

বিদ্যালয়ের সামগ্রিক কার্যক্রম নিয়মানুগ ও সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য বর্তমানে ১০ সদস্য বিশিষ্ট বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটি রয়েছে। উক্ত ব্যবস্থাপনা কমিটির বর্তমান সভাপতির দায়িত্ব পালন করছেন কর্ণেল আহমেদুল কবীর, স্টেশন কমান্ডার, যশোর সেনানিবাস, যশোর। বিদ্যালয়ের প্রথম প্রধান শিক্ষকের দায়িত্ব পালন করেন মোঃ ইসহাক। তিনি স্বল্প সময়ের জন্য (মাত্র ০৩ মাস) দায়িত্ব পালন করেছিলেন। এরপর সুকুমার চন্দ্র বিশ্বাস ২৩-৩-১৯৮৯ হতে ৩১-১০-২০০৯ খ্রিঃ, জনাব মোঃ কামরান ৩০-৫-২০১০ হতে ১৮-৪-২০১১ খ্রিঃ তারিখ পর্যন্ত প্রধান শিক্ষকের দায়িত্ব পালন করেন এবং বর্তমানে জনাব নন্দ দুলাল ঘোষ প্রধান শিক্ষকের দায়িত্ব পালন করছেন।